গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
লাইফ ভিউ-ফুলকুঁটির, মীম শরৎ এ্যাপার্টমেন্ট(৫ম তলা)
৭৪ বঙ্গবন্ধু রোড, উকিলপাড়া, নারায়ণগঞ্জ-১৪০০।

অভ্যন্তরীণ আমন সংগ্রহ'২০২৪-২৫ এর আওতায় ধান ও সিদ্ধ চাল ক্রয়ের লক্ষ্যে জেলা খাদ্যশস্য সংগ্রহ ও মনিটরিং কমিটির সভার কার্যবিবরণীঃ

সভাপতি ঃ মোহাম্মদ মাহমুদুল হক
জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।
তারিখ ঃ ১৭.১১.২০২৪ খ্রি.।
সময় ঃ বেলা ৩:০০ ঘটিকা।
স্থান ঃ জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ এর সম্মেলন কক্ষ।

(সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট "ক" তে দেখানো হলো)

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব জেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় অভ্যন্তরীণ আমন সংগ্রহ'২০২৪-২৫ এর আওতায় ধান ও সিদ্ধ চাল সংগ্রহ মূল্য, লক্ষ্যমাত্রা, সময়সীমা ইত্যাদি বিষয়ে বিস্তারিত আলোচনা করে এ-সংক্রান্ত নির্দেশনাবলী সভায় পাঠ করে শুনান। সভায় আলোচ্যসূচি মোতাবেক নিম্নরূপভাবে আলোচনা ও সর্বসম্মতিক্রমে সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>আলোচ্যসূচি</th><th>সিদ্ধান্তসমূহ</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>১।</td><td>সংগ্রহের লক্ষ্যমাত্রাঃ সদস্য সচিব জানান যে, অভ্যন্তরীণ আমন সংগ্রহ'২০২৪-২৫ মৌসুমে নারায়ণগঞ্জ জেলায় নিম্নবর্ণিতভাবে উপজেলাওয়ারী ধান ও সিদ্ধ চালের সংগ্রহের লক্ষ্যমাত্রা প্রদান করা হয়।
<table>
<tr><th>ক্র. নং</th><th>উপজেলার নাম</th><th>ধান(মে.টন)</th><th>সিদ্ধ চাল(মে.টন)</th></tr>
<tr><td>১</td><td>সদর</td><td>০</td><td>০</td></tr>
<tr><td>২</td><td>বন্দর</td><td>০</td><td>১৭৮</td></tr>
<tr><td>৩</td><td>সোনারগাঁ</td><td>০</td><td>১৮৬</td></tr>
<tr><td>৪</td><td>রূপগঞ্জ</td><td>৭৬</td><td>১১৮২</td></tr>
<tr><td>৫</td><td>আড়াইহাজার</td><td>১১৩</td><td>৩৪</td></tr>
<tr><td></td><td>মোট=</td><td>১৮৯</td><td>১৫৮০</td></tr>
</table>
প্রতিকেজি সিদ্ধ চালের সংগ্রহ মূল্য ৪৭/-(সাতচল্লিশ) টাকা এবং ধানের সংগ্রহ মূল্য ৩৩/-(তেতত্রিশ) টাকা নির্ধারণ করা হয়েছে। সিদ্ধ চাল ও ধান সংগ্রহের সময়সীমা ১৭ নভেম্বর ২০২৪ হতে ২৮ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ পর্যন্ত। সিদ্ধ চালকল মালিকদের চাল সরবরাহের নিমিত্ত চুক্তি সম্পাদনের সময়সীমা ১৭.১১.২০২৪ হতে ২৮.১১.২০২৪ তারিখ পর্যন্ত নির্ধারণ করা হয়েছে। চুক্তিবদ্ধ চালকল মালিকদের গুদামে চাল সরবরাহের নিমিত্ত ৩০ কেজি ও ৫০ কেজি খালিবস্তা গ্রহণের জামানত বস্তা প্রতি যথাক্রমে ৫৫.০০(পঞ্চান্ন) টাকা ও ৯০.০০(নব্বই) টাকা নির্ধারণ করা হয়েছে। গুদামে সরবরাহতব্য ধানের মূল্য কৃষকের নিজস্ব ব্যাংক হিসাবের মাধ্যমে এবং চালের মূল্য চালকল মালিকদের নিজস্ব ব্যাংক হিসাবের মাধ্যমে পরিশোধ করা হবে। নারায়ণগঞ্জ জেলাধীন রূপগঞ্জ উপজেলায় ডিজিটাল খাদ্যশস্য সংগ্রহ ব্যবস্থাপনায় "কৃষকের অ্যাপ" এর মাধ্যমে ধান সংগ্রহ এবং "ডিজিটাল চাল সংগ্রহ ব্যবস্থাপনা" এর মাধ্যমে চাল সংগ্রহ করা হবে।</td><td>ক) প্রকৃত কৃষকদের নিকট হতে ধান ক্রয় করতে হবে এবং রূপগঞ্জ উপজেলায় অ্যাপের মাধ্যমে ধান সংগ্রহ করতে হবে।
খ) উপজেলাভিত্তিক লক্ষ্যমাত্রা অনুযায়ী চুক্তিবদ্ধ চালকলের বিপরীতে বিভাজনকৃত চাল সরকারি বিনির্দেশ মোতাবেক ক্রয় করতে হবে।
গ) গুদামে সরবরাহতব্য ধানের মূল্য কৃষকের নিজস্ব ব্যাংক হিসাবের মাধ্যমে এবং চালের মূল্য চালকল মালিকদের নিজস্ব ব্যাংক হিসাবের মাধ্যমে পরিশোধ করতে হবে।
ঘ) উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি স্ব স্ব উপজেলায় আগ্রহী কৃষকদের নিয়ে উদ্বুদ্ধকরণের লক্ষ্যে মতবিনিময় বা উঠান বৈঠক করে ধান সংগ্রহের অভিযান পরিচালনা করতে হবে।</td><td>১। জেলা খাদ্য নিয়ন্ত্রক, নারায়ণগঞ্জ।
২। উপজেলা নির্বাহী অফিসার, বন্দর/সোনারগাঁ/রূপগঞ্জ/ আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
৩। ব্যবস্থাপক, নারায়ণগঞ্জ সিএসডি, নারায়ণগঞ্জ।
৪। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বন্দর/সোনারগাঁ/রূপগঞ্জ/ আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
৫। কারিগরী খাদ্য পরিদর্শক, নারায়ণগঞ্জ।
৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, মুড়াপাড়া/ সোনারগাঁ/গোপালদী এলএসডি, নারায়ণগঞ্জ।</td></tr>
<tr><td>২।</td><td>সমন্বয়ের মাধ্যমে লক্ষ্যমাত্রা অর্জন ঃ সদস্য সচিব জানান যে, কোন উপজেলায় ধান ও সিদ্ধ চাল সংগ্রহের সম্ভাবনা না থাকলে এবং অন্য উপজেলায় সংগ্রহের সম্ভাবনা থাকলে পারস্পরিক সমন্বয়ের মাধ্যমে লক্ষ্যমাত্রা অর্জনের জন্য অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা-২০১৭ এর ৮নং অনুচ্ছেদে বলা হয়েছে।</td><td>কোন উপজেলায় ধান ও সিদ্ধ চাল সংগ্রহের লক্ষ্যমাত্রা অর্জনের সম্ভাবনা না থাকলে এবং অন্য উপজেলায় সংগ্রহের সম্ভাবনা থাকলে পারস্পরিক সমন্বয়ের মাধ্যমে লক্ষ্যমাত্রা অর্জনের সিদ্ধান্ত গৃহীত হয়। জেলা খাদ্য নিয়ন্ত্রক, নারায়ণগঞ্জ পারস্পরিক সমন্বয়ের মাধ্যমে লক্ষ্যমাত্রা অর্জনের ব্যবস্থা গ্রহণ করবেন।</td><td>জেলা খাদ্য নিয়ন্ত্রক, নারায়ণগঞ্জ।</td></tr>
<tr><td>৩।</td><td>নির্ধারিত লক্ষ্যমাত্রার অতিরিক্ত লক্ষ্যমাত্রা ঃ জেলায় সংগ্রহের লক্ষ্যমাত্রা অর্জিত হলে এবং আরো সংগ্রহের সম্ভাবনা থাকে তবে উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট অতিরিক্ত লক্ষ্যমাত্রা প্রদানের জন্য চাহিদাপত্র প্রদান করা। প্রাপ্ত অতিরিক্ত লক্ষ্যমাত্রা আগ্রহী মিলারের আবেদনের প্রেক্ষিতে বরাদ্দ প্রদান করে সংগ্রহ লক্ষ্যমাত্রা অর্জন।</td><td>জেলায় লক্ষ্যমাত্রার অতিরিক্ত অর্জনের সম্ভাবনা থাকলে জেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট চাহিদা প্রদান এবং প্রাপ্ত অতিরিক্ত লক্ষ্যমাত্রা আগ্রহী মিলারের আবেদনের প্রেক্ষিতে বরাদ্দ প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>জেলা খাদ্য নিয়ন্ত্রক, নারায়ণগঞ্জ।</td></tr>
</table>

ক্রঃ নং	আলোচ্যসূচি	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী
৪।	**লক্ষ্যমাত্রা সমর্পণ ঃ** জেলার লক্ষ্যমাত্রা যদি কোনক্রমেই অর্জনের সম্ভাবনা না থাকে তাহলে বিভাগীয় লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে কর্তৃপক্ষের নির্দেশ পাওয়া গেলে নীতিমালা অনুসারে লক্ষ্যমাত্রা সমর্পণ করা যাবে।	লক্ষ্যমাত্রা অর্জনের সম্ভাবনা না থাকলে লক্ষ্যমাত্রা সমর্পণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	জেলা খাদ্য নিয়ন্ত্রক, নারায়ণগঞ্জ।
৫।	**উপজেলায় সভা আহ্বান ঃ** সদস্য সচিব জানান যে, অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা-২০১৭ যথাযথভাবে অনুসরণ করে ধান ও সিদ্ধ চাল সংগ্রহ করার নিমিত্ত সংশ্লিষ্ট উপজেলা খাদ্যশস্য সংগ্রহ কমিটির সভা করা প্রয়োজন।	সংগ্রহের লক্ষ্যমাত্রা অর্জন ও চালের মান সম্পর্কিত সরকারি বিনির্দেশ কঠোরভাবে নিশ্চিত করার লক্ষ্যে উপজেলা খাদ্যশস্য সংগ্রহ কমিটি দ্রুত সভা আহ্বানপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।	২। উপজেলা নির্বাহী অফিসার, বন্দর/সোনারগাঁ/রূপগঞ্জ/ আড়াইহাজার, নারায়ণগঞ্জ। ৩। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বন্দর/সোনারগাঁ/রূপগঞ্জ/ আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
৬।	**সংগ্রহ কার্যক্রম মনিটরিং ঃ** জেলা প্রশাসক ও সংগ্রহ কমিটির সভাপতি সকলের দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, সংগ্রহকালে নীতিমালা অনুসারে বিনির্দেশ যথাযথভাবে প্রতিপালনপূর্বক ধান ও সিদ্ধ চালের সংগ্রহ লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন নিশ্চিত করতে হবে। এ জন্য তিনি ক্রয় কেন্দ্র পরিদর্শনসহ সংগ্রহ কার্য মনিটরিং করার জন্য জেলা সংগ্রহ কমিটির সকল সদস্যকে অনুরোধ করেন।	বিনির্দেশ মোতাবেক আমন ধান ও সিদ্ধ চালের শতভাগ সংগ্রহ লক্ষ্যমাত্রা অর্জন এবং তা নিবিড়ভাবে মনিটরিং করার সিদ্ধান্ত গৃহীত হয়।	১। জেলা খাদ্য নিয়ন্ত্রক, নারায়ণগঞ্জ। ২। উপজেলা নির্বাহী অফিসার, বন্দর/সোনারগাঁ/রূপগঞ্জ/ আড়াইহাজার, নারায়ণগঞ্জ। ৩। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বন্দর/সোনারগাঁ/রূপগঞ্জ/ আড়াইহাজার, নারায়ণগঞ্জ। ৪। জেলা খাদ্যশস্য সংগ্রহ ও মনিটরিং কমিটির সম্মানীত সকল সদস্যবৃন্দ

সভায় আর কোন আলোচ্য সূচি না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৭/১১/২০২৪

(মোহাম্মদ মাহমুদুল হক)
জেলা প্রশাসক
নারায়ণগঞ্জ
ও
সভাপতি
জেলা খাদ্যশস্য সংগ্রহ ও মনিটরিং কমিটি।

স্মারক নং-১৩.০১.৬৭০০.০০০.৪৫.০০২.২৪.১৫৮৬(১৫)

তারিখ-১৭.১১.২০২৪ খ্রি.।

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
২। পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৩। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।
৪। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা।
৫। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নারায়ণগঞ্জ।
৬। উপজেলা নির্বাহী অফিসার, বন্দর/সোনারগাঁ/রূপগঞ্জ/আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
৭। বিজ্ঞ সরকারি কৌঁসুলী(জিপি), জেলা জজ আদালত, নারায়ণগঞ্জ।
৮। জেলা তথ্য কর্মকর্তা, নারায়ণগঞ্জ।
৯। ব্যবস্থাপক, নারায়ণগঞ্জ সিএসডি, নারায়ণগঞ্জ।
১০। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বন্দর/সোনারগাঁ/রূপগঞ্জ/আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
১১। সভাপতি, নারায়ণগঞ্জ চালকল মালিক সমিতি, নারায়ণগঞ্জ।
১২। কারিগরী খাদ্য পরিদর্শক, অত্র দপ্তর/নারায়ণগঞ্জ সিএসডি।
১৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, মুড়াপাড়া/সোনারগাঁ/গোপালদী এলএসডি, নারায়ণগঞ্জ।
১৪। জনাব কাজী মোঃ ইদ্রিস আলী, সভাপতি, আইপিএম ক্লাব, নারায়ণগঞ্জ সদর।
১৫। অফিস কপি।

১৭/১১/২০২৪

(মোহাম্মদ বাবুল হোসেন)
জেলা খাদ্য নিয়ন্ত্রক
নারায়ণগঞ্জ
ও
সদস্য সচিব
জেলা খাদ্যশস্য সংগ্রহ ও মনিটরিং কমিটি।